

তারিখঃ ০৭-১২-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

অদ্য ০৭-১২-২০২০ তারিখ, সোমবার দুপুর ২:০০ ঘটিকায় মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়াম, রাজশাহীতে 'জেএফএ অ-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২০' এর ফাইনাল খেলা মাগুরা অ-১৪ মহিলা ফুটবল দল বনাম রংপুর অ-১৪ মহিলা ফুটবল দলের মধ্যে অনুষ্ঠিত হয়। উক্ত ফাইনাল খেলায় মাগুরা অ-১৪ মহিলা ফুটবল দল রংপুর অ-১৪ মহিলা ফুটবল দলকে ৩-১ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। মাগুরার পক্ষে গোল করেন নবিরন খাতুন (২০ ও ৪৮ মিনিট), ও অর্পিতা বিশ্বাস (৬৪ মিনিট)। রংপুরের পক্ষে গোল করেন খাদিজা (১৪ মিনিট)। উক্ত ফাইনাল খেলায় Man of the Final নির্বাচিত হন মাগুরা অ-১৪ মহিলা ফুটবল দলের খেলোয়াড় নবিরন খাতুন (ক্যাপটিন, জার্সি নং-৪)।

উক্ত প্রতিযোগিতায় Man of the Tournament খেলোয়াড় নির্বাচিত হন মাগুরা অ-১৪ মহিলা ফুটবল দলের খেলোয়াড় সুবর্ণা খাতুন (জার্সি নং-১১), Most Promising Player খেলোয়াড় নির্বাচিত হন রংপুর অ-১৪ মহিলা ফুটবল দলের খেলোয়াড় রেশমী আক্তার (জার্সি নং-১৭), Highest Goal Scorer মাগুরা অ-১৪ মহিলা ফুটবল দলের খেলোয়াড় অর্পিতা বিশ্বাস (জার্সি নং-৭) ৯ গোল, Fair Play নির্বাচিত হয় রাজশাহী অ-১৪ মহিলা ফুটবল দল। Best Zonal Venue নির্বাচিত হয় নওগাঁ জেলা ফুটবল এসোসিয়েশন।

উক্ত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সিটি কর্পোরেশনের সম্মানিত মেয়র জনাব এ. এইচ. এম খায়রুজ্জামান লিটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী জেলা প্রশাসক জনাব আব্দুল জলিল।

আরোও উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহ-সভাপতি ও ডেভেলপমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আতাউর রহমান ভূইয়া (মানিক), ফিফা ও এএফসি কাউন্সিল মেম্বর, বাফুফে সদস্য ও মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরন, বাফুফে সদস্য ও রেফারীজ কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য জনাব মোহাম্মদ নুরুল ইসলাম, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, মহিলা ফুটবল কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিম, রাজশাহী বিভাগীয় জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ মাহফুজুল আলম লোটন, রাজশাহী জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ ওয়াহেদুন নবী ও ওয়ালটন গ্রুপের নির্বাহী পরিচালক জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার (ডন)।

এছাড়াও উপস্থিত ছিলেন রাজশাহী জেলা ক্রীড়া সংস্থার সহ-সভাপতি শাহীন আকতার রেনী, রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ ডাবলু সরকার সহ স্থানীয় বিশিষ্ট ক্রীড়া সংগঠকবৃন্দ।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।